গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা।
http://food.comilla.gov.bd
www.dgfood.gov.bd

নং ১৩.০১.১৯০০.০০৩.৪৯.০০১.২২.৩০৪ তারিখঃ ০৬ ফেব্রুয়ারি, ২০২২খ্রি.

## দরপত্র বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা পরবর্তী ০২(দুই) বছরের জন্য কুমিল্লা জেলার ১৪টি এলএসডি'র (ধর্মপুর, চকবাজার, চৌদ্দগ্রাম, নাঙ্গলকোট, দৌলতগঞ্জ, বরুড়া, চান্দিনা, মুরাদনগর, দেবিদ্বার, দাউদকান্দি, হোমনা, ব্রাহ্মনপাড়া, বুড়িচং এবং কংশনগর) জন্য প্রতিটিতে ০১(এক) জন করে শ্রম ও হস্তার্পণ (হ্যান্ডিলিং) ঠিকাদার নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত সিডিউল মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়ঃ | খাদ্য মন্ত্রণালয়। |
| ০২ | প্রতিনিধিঃ | খাদ্য অধিদপ্তর। |
| ০৩ | দরপত্র আহবানকারীর দপ্তরঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা। |
| ০৪ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখঃ | নং ১৩.০১.১৯০০.০০৩.৪৯.০০১.২২.৩০৪ তারিখঃ ০৬ ফেব্রুয়ারি, ২০২২খ্রি. |
| ০৫ | কাজের নামঃ | কুমিল্লা জেলার ১৪টি এলএসডি'র (ধর্মপুর, চকবাজার, চৌদ্দগ্রাম, নাঙ্গলকোট, দৌলতগঞ্জ, বরুড়া, চান্দিনা, মুরাদনগর, দেবিদ্বার, দাউদকান্দি, হোমনা, ব্রাহ্মনপাড়া, বুড়িচং এবং কংশনগর) সরকারী খাদ্য শস্য, খাদ্য পণ্য ও অন্যান্য মালামাল লোডিং/আনলোডিং সংক্রান্ত যাবতীয় হস্তার্পণ কাজ। |
| ০৬ | কাজের সময়কালঃ | ০২(দুই) বছর। |
| ০৭ | দরপত্র তফসিল মূল্যঃ | ধর্মপুর ও দৌলতগঞ্জ এলএসডি ৮০০/-(আটশত) এবং অন্যান্য এলএসডি ৫০০/-(পাঁচশত) টাকা। |
| ০৮ | দরপত্র(টেন্ডার) জামানতঃ | প্রতিটি এলএসডির জন্য দরদাতা কর্তৃক উদ্ধৃত দরের ৩% হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট। |
| ০৯ | কার্যসম্পাদন(পারফরমেন্স) জামানতঃ | প্রতিটি এলএসডির জন্য দরদাতা কর্তৃক উদ্ধৃত দরের ৫% হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট। |
| ১০ | অভিজ্ঞতা ও যোগ্যতাঃ | ক) শ্রম ও হস্তার্পণ কাজে খাদ্য বিভাগের কমপক্ষে ০১(এক) বছরসহ নূন্যতম ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>খ) সিডিউল ব্যাংক হতে আর্থিক সচ্ছলতার সনদ/০১(এক) বছরের ব্যাংক হিসাব বিবরনী দাখিল করতে হবে। |
| ১১ | বাজেট এবং আয়ের উৎসঃ | জিওবি। |
| ১২ | দরপত্র বিক্রয় ও প্রাপ্তির স্থানঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা। |
| ১৩ | দরপত্র গ্রহণের স্থানঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা। |
| ১৪ | দরপত্র তফসিল বিক্রির শেষ তারিখঃ | ০৩/০৩/২০২২খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১৫ | দরপত্র গ্রহণের তারিখ ও সময়ঃ | ০৬/০৩/২০২২খ্রি. তারিখ বেলা ১-০০ টা পর্যন্ত। |
| ১৬ | দরপত্র বাক্স ও দরপত্র খোলার তারিখ, সময় ও স্থানঃ | ক) ০৬/০৩/২০২২খ্রি. তারিখ বেলা ১.০০ টায় যোগ্যতা বিষয়ক প্রস্তাব খোলা হবে এবং রেসপনসিভ ঠিকাদারগণের তালিকা নোটিশ বোর্ডে ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের https://food.comilla.gov.bd ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে।<br>খ) ০৬/০৩/২০২২খ্রি. তারিখ বেলা ৩.০০টায় যোগ্যতা বিষয়ক প্রস্তাবের ভিত্তিতে কেবলমাত্র Responsive ঠিকাদারের আর্থিক প্রস্তাব খোলা হবে এবং দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে। |
| ১৭ | দরপত্র সম্পর্কিত তথ্য/ বিস্তারিত দরপত্র বিজ্ঞপ্তি জানার জন্যঃ | ক) জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের হিসাব শাখা অথবা ০২৩৩৪৪৩৬৭২৯ নম্বরে যোগাযোগ করা যেতে পারে অথবা dcfcomilla@gmail.com ঠিকানায় ই-মেইল করা যেতে পারে।<br>খ) কুমিল্লা জেলাধীন সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কমকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে দেয়া হবে। |
| ১৮ | দরপত্রের মেয়াদঃ | ১২০(একশত বিশ) দিন। |
| ১৯ | দরপত্রের ধরণঃ | দুই খাম পদ্ধতি (উন্মুক্ত দরপত্র)। |

এ দরপত্র **The Public Procurement regulation**, ২০০৬, ২০০৮ ও ২০০৯ (সংশোধিত) অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নোটিশ বাতিল বা পরিবর্তন এবং যে কোন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখ্যান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(এস.এম. কামরুর আলী) ৬/২/২২
জেলা খাদ্য নিয়ন্ত্রক
কুমিল্লা।
ও
সভাপতি, দরপত্র মূল্যায়ন কমিটি(খাদ্য), কুমিল্লা।

6/02/2022

## সাধারণ শর্তাবলী (General Condition of Contract)

দরপত্রদাতাকে সদ্যতোলা পাসপোর্ট আকারের দুই কপি সত্যায়িত ছবিসহ প্রতিষ্ঠানির নিজ প্যাডে আবেদনকারীর নাম পিতার নাম, মাতার নাম, জাতীয় পরিচয়পত্রের কপি, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক দরপত্র দলিল(যোগ্যতা বিষয়ক প্রস্তাব ফরম ও আর্থিক প্রস্তাব ফরম) যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত ডকুমেন্টসহ নির্ধারিত দরপত্র বাক্স সিডিউল জমা দিতে হবে।

১) নিজ নামের/প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স (হাল নাগাদ) এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
২) শ্রম ও হস্তার্পণ কাজে খাদ্য বিভাগের কমপক্ষে ০১(এক) বছরসহ নুন্যতম ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা।
৩) সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন(TIN) নম্বরসহ ২০২০-২০২১ সন পর্যন্ত আয়কর পরিশোধের সনদপত্র।
৪) প্রাক্তণ/কার্যরত ঠিকাদারগণকে অতীত দায় দেনার (যদি থাকে) হলফনামা।
৫) অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারীত্বের স্বপক্ষে রেজিষ্ট্রেশনকৃত/নোটারীকৃত দলিল এবং ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে একক মালিকানার হলফনামা (প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট/নোটারীকৃত) দাখিল করতে হবে।
৬) যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করবে না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
৭) অতীত কোন প্রকার আত্মসাৎ ঘটনার সাথে জড়িত সালিসী মামলায় চুড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না।
৮) সালিসী মামলায় নিষ্পত্তির অপেক্ষায়/মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশগ্রহণ করতে পারবে। তবে সালিস/মামলায় দোষী সাব্যস্ত হলে/ঋণ খেলাপী হলে চুক্তি সম্পাদন করা হবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।
৯) প্রতি সেট দরপত্র সিডিউলের মূল্য বাবদ ধর্মপুর ও দৌলতগঞ্জ এলএসডি ৮০০/-(আটশত) এবং অন্যান্য এলএসডি ৫০০/- (পাঁচশত) টাকা হারে ট্রেজারী চালানের মাধ্যমে(কোড নং ১-৪৮৩১-০০০১-২৩৬৬) সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, কুমিল্লায় জমা দান পূর্বক চালানের মূল কপি জমা দিয়ে অত্র দপ্তর হতে দরপত্র সিডিউল সংগ্রহ করতে হবে। এছাড়াও উক্ত চালানের ফটোকপি যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। উল্লেখ্য চালান জমা দানের পূর্বে তা অবশ্যই অত্র দপ্তরের হিসাব শাখা হতে পাশ করে নিতে হবে।
১০) বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাবার পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১) দরপত্র দাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। দরপত্র তফসীল, চুক্তিপত্র, দরপত্রের নিয়মাবলী ও শর্তাবলী, যোগ্যতা বিষয়ক প্রস্তাব দাখিলের নিয়মাবলী ও শর্তাবলীর প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।
১২) ডাকযোগে প্রেরিত দরপত্র/নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত দরপত্র বিবেচিত হবে না অর্থাৎ নির্ধারিত দিনে ও নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহণের বাক্সে দরপত্র ফেলতে হবে।
১৩) শর্তযুক্ত, কাঁটা-ছেড়া, ঘষা-মাজা বা অসম্পূর্ণ দরপত্র এবং **Price Schedule** পূরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
১৪) নির্বাচিত দরদাতা সরকার কর্তৃক সর্বশেষ বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে।
১৫) অবশ্যই সিডিউল ব্যাংক হতে আর্থিক সচ্ছলতার সনদ/ ০১(এক) বছরের ব্যাংক হিসাব বিবরনী দাখিল করতে হবে।
১৬) দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত প্রতিপালন না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
১৭) দরপত্র খোলার সময় দরপত্র দাতাগণ উপস্থিত থাকতে পারবেন। চাহিত সকল সনদপত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে মূল কপি প্রদর্শন করতে হবে।

## দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী

১) দরপত্র দাখিলের নিয়মাবলীঃ

দুই খাম পদ্ধতিতে দর দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২টি ভিন্ন সীলগালাকৃত খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে "ঠিকাদারের যোগ্যতা বিষয়ক" প্রস্তাব ও আর্থিক প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে "ঠিকাদারের আর্থিক প্রস্তাব" লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা এবং বাম দিকে ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে। দুটি খাম একত্র করে একটি বড় খামে দাখিল করতে হবে। অনুরূপভাবে বড় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা ও বাম দিকে ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে।

২) দরপত্র জামানতঃ

দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ দরদাতা কর্তৃক উদ্ধৃত দরের ৩% হিসাবকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা এর অনুকূলে জমা দিতে হবে। দরপত্র জামানত বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ঠিকাদারের যোগ্যতা বিষয়ক(কারিগরী) প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন ব্যাংক গ্যারান্টি গ্রহণযোগ্য হবে না।

অকৃতকার্য দরপত্র দাতার দরপত্র জামানত(বায়নার টাকা) সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরৎ দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরৎ দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে দরপত্র জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

৩) ঠিকাদার নির্বাচন পদ্ধতিঃ

(ক) দরদাতা দরপত্র সিডিউলে কোন একটি আইটেম এর দর প্রস্তাবের ক্ষেত্রে বর্তমান বাজারদরের সাথে অসামঞ্জস্যপূর্ণ, অবাস্তব ও অযৌক্তিক (কম/বেশি) হলে দরপত্র গ্রহনযোগ্য হবে না।

(খ) সিডিউলে যে সকল আইটেমে সম্ভাব্য কাজের পরিমান নির্ধারন করা আছে, সে সকল আইটেমে অবশ্যই দর প্রস্তাব করতে হবে। এছাড়া দরপত্র সিডিউলে ৪ ও ৫নং কলামের সর্বমাট যোগফল অবশ্যই পুরণ করতে হবে।

(গ) শর্তাবলী ৩ এর (ক) ও (খ) প্রতিপালন স্বাপেক্ষে প্রতিটি আইটেমের মোট মূল্যের সর্বমাট যোগফল অনুযায়ী সর্বনিম্ন দরদাতা নির্ধারন করা হবে।

(ঘ) শর্তাবলী (গ) তে যাই থাকুক না কেন, আইটেম প্রতি প্রাক্কলিত দরের সাথে আইটেম প্রতি প্রস্তাবিত দরের হ্রাস/বৃদ্ধির হার অস্বাভাবিকভাবে(কম/বেশি) ও অসামঞ্জস্যপূর্ণ হলে অংশগ্রহনকারীর প্রস্তাবিত দর সর্বনিম্ন হলেও দর প্রস্তাব গ্রহনযোগ্য হবে না। সেক্ষেত্রে পরবর্তী সর্বনিম্ন দরদাতা হতে ক্রমান্বয়ে গ্রহনযোগ্য দরদাতা নির্ধারন করা হবে। প্রয়োজনে একই বিজ্ঞপ্তি দ্বারা অন্য এলএসডির সর্বনিম্ন দরদাতার প্রস্তাবিত দরের সাথে বিবেচ্য এলএসডির তুলনামূলক সামঞ্জস্যপূর্ণ দরদাতার দর বিবেচনায় আনা হবে।

(ঙ) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়নে গ্রহণযোগ্য Responsive হলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত ও Head of the Procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চুড়ান্ত বলে গণ্য হবে। তবে সকল ক্ষেত্রে শ্রম ও হস্তার্পণ কাজের বিদ্যমান শ্রম মজুরী এর সাথে অসংগতিপূর্ণ/অবাস্তব/অতি নিম্ন দর গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে। প্রতিটি এলএসডির জন্য কেবলমাত্র এক জন করে ঠিকাদার নির্বাচন করা হবে। তবে নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরুপ তথ্য উদঘাটিত হলে পিপিআর ২০০৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪) চুক্তি সম্পাদনঃ

ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব বিবেচিত হলে আর্থিক প্রস্তাব খোলা হবে এবং গ্রহণযোগ্য সর্বনিম্ন প্রাপ্ত/সাব্যস্থ দরদাতার দর বৈধ বিবেচিত/অনুমোদিত হলে Letter of Indent প্রদান করা হবে এবং দরপত্রের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে ৭(সাত) দিনের মধ্যে ৩০০/-(তিনশত) টাকা ননজুডিশিয়াল স্ট্যাম্প এ চুক্তি সম্পাদন করতে হবে।

৫) পারফরমেন্স সিকিউরিটিঃ

Letter of Indent দেওয়ার ৭(সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান করতে হবে এবং পারফরমেন্স সিকিউরিটি(জামানত) বাবদ দরদাতা কর্তৃক উদ্ধৃত দরের ৫% হিসাবকৃত টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও যথাযথ কাগজপত্র জমা দিয়ে চুক্তি সম্পাদন করতে হবে।

৬) চুক্তি সংশোধনঃ

সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যে কোন পণ্য ও হস্তার্পণ সংক্রান্ত বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি, স্মারক/আদেশ/পরিপত্র, দরপত্র তফসীল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তি পত্রের অংশ হিসাবে গণ্য হবে।

৭) গোপনীয় প্রতিবেদনঃ

নির্বাচিত ঠিকাদারদের ক্ষেত্রে পুলিশ ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

৮) ক্ষমতা সংরক্ষণঃ

কোন কারন দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত হিসাবে গণ্য হবে।

স্বা:-
(এস.এম. কায়ছার আলী)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
কুমিল্লা।
ও
সভাপতি, দরপত্র মূল্যায়ন কমিটি(খাদ্য), কুমিল্লা।
তারিখঃ ০৬ ফেব্রুয়ারি, ২০২২খ্রি.

বাংলাদেশ রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত

নং ১৩.০১.১৯০০.০০৩.৪৯.০০১.২২.৩০৪

অনুলিপিঃ

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/পওকা/হিসাব ও অর্থ/ সংগ্রহ/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট।
৬। জেলা প্রশাসক, কুমিল্লা।
৭। পুলিশ সুপার, কুমিল্লা।

} সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।

৮। সাইলো অধীক্ষক, আশুগঞ্জ/ চট্টগ্রাম/সান্তাহার সাইলো/ স্টীল সাইলো, খুলনা।
৯। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ ০৩/০৩/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত প্রচারের জন্য অনুরোধ করা হল।






১০। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা।
১১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কুমিল্লা।
১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ......................................।
১৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/ খুলনা।
১৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।
১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, কুমিল্লা।
১৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ......................................, কুমিল্লা।
১৭। ব্যবস্থাপক (সকল), ......................................, সিএসডি।
১৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল), ......................................, কুমিল্লা।
১৯। সংরক্ষন ও চলাচল কর্মকর্তা, ধর্মপুর এলএসডি(১ম শ্রেনী), কুমিল্লা।
২০। ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল), ......................................, এলএসডি, কুমিল্লা।

} অবগতি ও ব্যাপক প্রচারের লক্ষ্যে সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য।

২১। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, কুমিল্লা।
২২। প্রশাসন/মজুদ/নেজারত শাখা, অত্র কার্যালয়।
২৩। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
২৪। অফিস কপি।

৬/২/২২
জেলা খাদ্য নিয়ন্ত্রক
কুমিল্লা।
-৬/০২/২০২২



DHAKA G.P.O
DK ০২ ২২
DELIVERY